

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
মেডিকেল-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০৮.২৩-৬৬

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিষয়: ১৩টি জেলা পুলিশ হাসপাতালসমূহের শূন্যপদ পূরণের “ছাড়পত্র” প্রদান।

সূত্র: পুলিশ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.৩৫.২০২২/১৭৮৩(০২), তারিখ: ২০/০৯/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৩টি জেলা পুলিশ হাসপাতাল (ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, খাগড়াছড়ি, কুমিল্লা, রংপুর, কক্সবাজার) এর ১১-১৬ গ্রেডের বিভিন্ন পদের নিয়োগযোগ্য মোট ২৯ (উনত্রিশ)টি পদের বিপরীতে জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে “ছাড়পত্র” নির্দেশক্রমে প্রদান করা হলো:

১৩টি জেলা পুলিশ হাসপাতাল (ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, খাগড়াছড়ি, কুমিল্লা, রংপুর, কক্সবাজার) এর জনবলের তথ্যাদি:

নং	পদের নাম	বেতন স্কেল/২০১৫	মঞ্জুরীকৃত পদ	বর্তমানে কর্মরত	বর্তমানে শূন্যপদ	প্রকৃত শূন্যপদ	১০% সংরক্ষণ	ছাড়পত্র প্রদানযোগ্য পদের সংখ্যা
১	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)	গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০)	১৩	-	১৩	১৩	১	১২
২	কম্পাউন্ডার	গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০)	১৩	৭	৬	৬	১	৫
৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	১৩	-	১৩	১৩	১	১২
মোট=			৩৯	৭	৩২	৩২	৩	২৯

শর্তসমূহ:

- উল্লিখিত পদপূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২২ নম্বর পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরীকৃত ও শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;
- অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক পদপূরণ করতে হবে;
- ছাড়পত্র পদসমূহ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ০৪ অক্টোবর, ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.১৮-২৭৬ নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে;
- অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদ পূরণের পূর্বে হালনাগাদ সংরক্ষণ আদেশ সংগ্রহ করতে হবে; এবং

- (জ) উক্ত ছাড়কৃত পদ/পদসমূহ পূরণ করার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে ১৫ কলামে তথ্যহকে (কপি সংযুক্ত) সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা শূন্যপদ পূরণের তথ্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মেডিকেল-১ শাখায় প্রেরণ করবে। বর্ণিত তথ্যহক প্রাপ্তির পর জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তা জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হবে।



২৭.০৬.২০২৪

মিন্টু চৌধুরী, বিপিএএ

উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০০৩৯০

E-mail: medical1@mhapsd.gov.bd

পুলিশ মহাপরিদর্শক
পুলিশ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০৮.২৩-৬৬

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৭.০৬.২০২৪

মিন্টু চৌধুরী, বিপিএএ

উপসচিব